



বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সোনারগাঁও, নারায়ণগঞ্জ
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
[.www.sonargaonmuseum.gov.bd](http://www.sonargaonmuseum.gov.bd)

বিষয়: ০৫.০৯.২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য পরামর্শক কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি: শিল্পী হাশেম খান
সম্মানিত সদস্য, পরিচালনা বোর্ড
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

সভার তারিখ ও সময়: ০৫.০৯.২০১৮ বেলা.৩:৩০টায়, স্থান-অফিস কক্ষ, সভাপতি, বাংলাদেশ
জাতীয় জাদুঘরের বোর্ড অব ট্রাস্টিজ, শাহবাগ, ঢাকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক'-এ সংযুক্ত:

সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচি
অনুযায়ী কার্যপত্র পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

১নং আলোচ্যসূচি: বিগত ২৫.০৭.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ

আলোচনা: বিগত ২৫.০৭.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়।

কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় নিশ্চিতকরণের বিষয়ে সকল সদস্য একমত
পোষণ করেন।

সিদ্ধান্ত: বিগত ২৫.০৭.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

২নং আলোচ্যসূচি: বিমান বন্দর পর্যটন কর্নারে লোককারুশিল্পের পণ্য প্রদর্শনের জন্য
কারুশিল্পীদের নিকট থেকে বিভিন্ন আইটেমের নমুনা সংগ্রহ করে তালিকা চূড়ান্ত
করা প্রসঙ্গ।

আলোচনা: পরিচালক সভাকে জানান, বিমান বন্দর পর্যটন কর্নারে লোককারুশিল্পের পণ্য
বিপণন/ প্রদর্শনের লক্ষ্যে কারুশিল্পীদের নিকট থেকে বিভিন্ন আইটেমের কারুপণ্যের নমুনা সংগ্রহ
করে নির্বাচন করার নিমিত্ত কারুপণ্যসহ তালিকা সভায় উপস্থাপন করা হয়। বিমানে বহন করা
যায় এবং লোককারু পণ্যের বিপণনের ক্ষেত্রে দেশের ঐতিহ্য বজায় থাকে এ সকল বিষয়
বিবেচনায় নিয়ে লোককারুপণ্যসমূহ বিমান বন্দরের পর্যটন কর্নারে রাখা যায় মর্মে সভায়
একমত পোষণ করা হয়। এছাড়া বিমান বন্দরের পর্যটন কর্নারে মালামাল প্রদানের ক্ষেত্রে
পরামর্শক কমিটি নিম্নোল্লিখিত সুপারিশ প্রদান করেন:

ক) পর্যটন কর্পোরেশন এবং বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের মধ্যে এ বিষয়ে একটি চুক্তি থাকতে হবে।

চুক্তিতে নিম্নোল্লিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে:

- ১) পর্যটন কর্পোরেশনকে নগদমূল্য পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে;
- ২) কারুশিল্পী এবং লোককারুশিল্পের পণ্যের পরিচিতি (ইংরেজি ও বাংলায়) থাকবে;
- ৩) সরবরাহকৃত কারুপণ্যের নান্দনিক প্যাকেজিং-এর বিষয়টি ফাউন্ডেশনের পরামর্শক কমিটির তত্ত্বাবধানে করা যেতে পারে। এ ক্ষেত্রে পরামর্শক কমিটির সম্মানিত সদস্য জনাব চন্দ্র শেখর সাহার মাধ্যমে প্যাকেজিং এর কাজটি সম্পন্ন করা যেতে পারে।
- ৪) প্যাকেজিং, কারুশিল্পী ও লোক কারুপণ্যের পরিচিতি প্রণয়নের কাজের জন্য একটি ফান্ড থাকবে।
- ৫) বিক্রয় মূল্যের সাথে সার্ভিস চার্জ যুক্ত করে প্যাকেজিংসহ কারুপণ্যের মূল্য নির্ধারণ করতে হবে। প্যাকেটসহ কারুপণ্যের বিপণনে মূল্য বেশি নির্ধারিত থাকবে।
- ৬) কারুপণ্যের মূল্য টাকা এবং ডলারে (ইউএস) অংকে বক্সের গায়ে ট্যাগ আকারে প্রদর্শন করতে হবে।

৭) কারুপণ্যের গায়ে কোন লেবেল লাগানো যাবে না। তবে কারুশিল্পীর স্বাক্ষর বা চিহ্ন সম্বলিত সাইন থাকতে পারে।

খ) প্যাকেজিং এর কাজটিতে নান্দনিকতা আনার প্রয়োজনে ফাউন্ডেশনকে কর্মশালার আয়োজন করতে হবে। জনাব চন্দ্র শেখর শাহা কর্মশালায় পরিচালনায় বিশেষজ্ঞ হিসেবে অন্তর্ভুক্ত থাকবেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত:

১. বিমানে বহন করা যায় এবং লোককারু পণ্যের বিপণনের ক্ষেত্রে দেশের ঐতিহ্য বজায় থাকে এ সকল বিষয় বিবেচনায় নিয়ে বিমান বন্দরের পর্যটন কর্নারে রাখা যায় এমন লোককারুপণ্যের তালিকা চূড়ান্ত করা হলো।

ক্রমিক নং	কারুপণ্যের বিবরণ	ক্রমিক নং	কারুপণ্যের বিবরণ
১	একতারা (মাঝারি)	১০	কাঠের পুতুল (বক্সসহ)
২	বাঁশের চালনি (ছোট/বড়)	১১	শখের হাড়ির সেট (বক্সসহ)
৩	বেবীটেক্সির মডেল	১২	পঞ্চহাড়ি (শখের হাড়ি)
৪	নকশি ওয়াল পিছ	১৩	সরাচিত্র (ছোট/বড়)
৫	বাঁশের পলো (ছোট)	১৪	শখের হাড়ি ছোট
৬	কাগজের রঙিন কলমদানী	১৫	কাঠের হাতি/ ঘোড়া ৬"/১০"
৭	টেপা পুতুল (বক্সসহ)	১৬	সুতার নকশি হাত পাখা
৮	মাটির সাইকেল (বক্সসহ)	১৭	তালপাতার হাত পাখা
৯	কাঠের ঘোড়া (বক্সসহ)	১৮	রিব্রার মডেল

২. বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এবং বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের মধ্যে এ বিষয়ে একটি চুক্তি থাকতে হবে।

২ নং আলোচ্যসূচি: কারুশিল্পগ্রামের নকশা প্রণয়নের নিমিত্ত কারুশিল্পগ্রাম পরিদর্শন প্রসঙ্গ।

আলোচনা: পরিচালক সভাকে জানান যে, ফাউন্ডেশন চত্বরে শিল্পাচার্য জয়নুল আবেদিনের স্বপ্নের কারুশিল্পগ্রাম স্থাপনের কর্মসূচি বাস্তবায়নের আলোকে একটি আদর্শ কারুশিল্পগ্রাম নির্মাণের বিষয়ে পরামর্শক কমিটির সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

“(ক) বর্তমানে যেখানে জরাজীর্ণ মেরামত অযোগ্য কারুশিল্পগ্রাম আছে সেখানেই নিম্নোল্লিখিত কারুশিল্পের কর্মপরিবেশ তথা ইউনিট নির্মাণের সুপারিশ করা হলো।

(খ) কারুশিল্পগ্রামে (১) মৃৎশিল্প (২) দারু/কাঠ শিল্প-নৌকা, দরজার খড়খড়িসহ (৩) বয়ন শিল্প (জামদানি ও তাঁত-লুঙ্গি/গামছা/শাড়ি ইত্যাদি) (৪) বাঁশ ও বেতের কারুশিল্প (৫) পাটিশিল্প (৬) পাটজাত কারুশিল্প (শিকা, শতরঞ্জি ইত্যাদি) (৭) শোলার কারুশিল্প (৮) তামা-কাঁসা-রুপা কারুশিল্প (৯) অলংকার শিল্প (গহনা) (১০) ঝিনুক, মুক্তা ও শঙ্খশিল্পের কর্ম পরিবেশ নির্মাণের সুপারিশ করা হলো।

(গ) উল্লিখিত ইউনিটসমূহের নকশা প্রণয়নের পরামর্শ প্রদান করা হলো। উল্লিখিত ইউনিটসমূহের নকশা প্রণয়নের পূর্বে এ ক্ষেত্রে বাংলাদেশের সমগ্র অঞ্চলকে চারটি জোনে বিভক্ত করে প্রত্যেক জোনের গ্রামগুলো সরেজমিনে পর্যবেক্ষণ (সার্ভে) করে ডকুমেন্টেশন করা প্রয়োজনের পরিপ্রেক্ষিতে বিশেষজ্ঞ কমিটির সদস্যগণসহ নিম্নরূপ টিম প্রেরণ করার কর্মপরিকল্পনা গ্রহণ করার প্রস্তাব করা হলো:

১. পরামর্শক/বিশেষজ্ঞ সদস্য -	৬জন
২. ফাউন্ডেশন দপ্তরের কর্মকর্তা/কর্মচারী -	২জন
৩. আলোকচিত্রি -	১জন
৪. গাড়ি চালক -	১জন

ঘ) সমগ্র দেশকে ৪টি সমানভাবে বিভক্ত করে বিশেষজ্ঞগণসহ প্রতি গ্রুপের ক্ষেত্রে সার্ভের জন্য ভ্রমণে আলোচ্যসূচিতে উল্লিখিত পরিমাণ আর্থিক সংশ্লেষের ব্যয় প্রাক্কলন অনুযায়ী ১৬,৩০,০০০.০০ (ষোল লক্ষ ত্রিশ হাজার) টাকার প্রয়োজন হবে। ফাউন্ডেশনের বাজেটে এ অর্থের সংস্থানের জন্য মন্ত্রণালয়ের নিকট প্রস্তাব প্রেরণের সুপারিশ করা হলো।”

ঙ) কারুশিল্পগ্রামের নকশা প্রণয়নের ক্ষেত্রে অভিজ্ঞতা অর্জনের প্রয়োজনে ফাউন্ডেশন থেকে ২/৩ সদস্যের টিম পাঠিয়ে পার্শ্ববর্তী দেশ ভুটানের কারুশিল্পগ্রাম পরিদর্শনের ব্যবস্থা নেয়া যায়। এ ভ্রমণের ব্যয়ভার ফাউন্ডেশনের নিজস্ব তহবিল থেকে মিটানো যেতে পারে।

উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উল্লিখিত পরিমাণ অর্থ বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছিল। কিন্তু বরাদ্দ পাওয়া যায়নি। যেহেতু উন্নয়ন প্রকল্পের আওতায় কারুশিল্পগ্রাম নির্মাণের জন্য ডিপিপি প্রণয়নের প্রয়োজনে কারুশিল্পগ্রামের নকশা প্রণয়নের কাজটি দ্রুত শেষ

করা প্রয়োজন সেহেতু, ফাউন্ডেশনের নিজস্ব তহবিলের চলতি অর্থবছরে বাজেট থেকে অর্থ সংস্থানের মাধ্যমে গ্রামগুলো সরেজমিনে পর্যবেক্ষণ (সার্ভে) এবং ডকুমেন্টেশন করার কাজটি শুরু করা যেতে পারে।

সার্ভের স্থান নির্বাচন করে কাজটি শুরু করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আগামী অক্টোবর মাসের শেষ সপ্তাহে দুর্গা পূজা উপলক্ষে ঢাকার আশেপাশে এবং দেশের বিভিন্ন স্থানে মেলা বসবে। এ সময় দু'টি টিমকে সার্ভে করার জন্য পাঠানো যেতে পারে মর্মে আলোচনা হয়। এ ক্ষেত্রে একটি টিম ঢাকার আশেপাশের গ্রামের মেলায় এবং অন্য একটি টিম ঢাকার বাইরে গ্রামের একটি মেলার যেয়ে সার্ভের কাজটি সম্পাদন করতে পারেন। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

১. আগামী অক্টোবর মাসের শেষ সপ্তাহে দুর্গা পূজা উপলক্ষে ঢাকার আশেপাশে এবং দেশের বিভিন্ন স্থানে অনুষ্ঠিত মেলায় দু'টি টিমকে সার্ভে করার জন্য পাঠানো যেতে পারে। এ ক্ষেত্রে একটি টিম ঢাকার আশেপাশের গ্রামের মেলায় এবং অন্য একটি টিম ঢাকার বাইরে গ্রামের একটি মেলার যেয়ে সার্ভের কাজটি সম্পাদন করবে।

২. ফাউন্ডেশনের নিজস্ব তহবিল থেকে ব্যয়ভার মিটানো সাপেক্ষে কারুশিল্পগ্রামের নকশা প্রণয়নে অভিজ্ঞতা অর্জনের জন্য ফাউন্ডেশন থেকে ২/৩ সদস্যের টিম পাঠিয়ে পার্শ্ববর্তী দেশ ভুটানের কারুশিল্পগ্রাম পরিদর্শনের ব্যবস্থা নেয়া যায়।

(হাশেম খান)

শিল্পী ও লোককারুশিল্প অনুরাগী

ও

সভাপতি

পরিচালনা বোর্ডের ১১১তম সভায়

উপস্থাপিত প্রস্তাবসমূহ বাস্তবায়নে

সহায়তা/পরামর্শ/সুপারিশ প্রদান সংক্রান্ত কমিটি